

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ০৫

সুষ্ঠু নির্বাচনের কোন পদক্ষেপই বিএনপির পছন্দ হয় না
-গণপূর্ত প্রতিমন্ত্রী

ময়মনসিংহ (বৃহস্পতিবার, ২০ জুলাই, ২০২৩ খ্রি.):

গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ বলেছেন, সুষ্ঠু নির্বাচনের লক্ষ্যে গৃহীত কোনো পদক্ষেপই বিএনপির পছন্দ হয় না। তারা চায় নির্বাচন কমিশন যেকোনোভাবে বিএনপিকে বিজয়ী করুক। বৃহস্পতিবার ময়মনসিংহের ফুলপুর উপজেলার রহিমগঞ্জ ইউনিয়ন পরিষদের সামনে জেলা ও মহানগর আওয়ামী লীগ কর্তৃক যৌথভাবে আয়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, দেশের জনগণের প্রতি আস্থা হারিয়ে বিএনপি এখন তাদের বিদেশে প্রভুদের শরণাপন্ন হচ্ছে। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রতি যথাযথ শ্রদ্ধা প্রদর্শন না করে তারা বিদেশী দূতাবাস ও সরকারের নিকট ধরনা দিচ্ছেন। কিন্তু স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসেবে বাংলাদেশের জনগণই ঠিক করবে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব কে পাবে। কোন বিদেশী শক্তি অন্যায়ভাবে এদেশের নির্বাচন প্রক্রিয়ায় হস্তক্ষেপ করলে এদেশের জনগণ তা কখনোই মেনে নেবে না।

প্রতিমন্ত্রী আরো বলেন, বিএনপি এখন নেতৃত্বের সংকটে ভুগছে। তাদের শিষ্য ২ নেতা তারেক রহমান ও খালেদা জিয়ার প্রতি ইঞ্জিত করে তিনি বলেন দলটির চেয়ারপারসন এতিমের টাকা আত্মসাৎ করে আদালত কর্তৃক সাজা ভোগ করছেন। অন্যদিকে তারেক জিয়া আত্মস্বীকৃত এবং আদালতের সাজা প্রাপ্ত আসামি। তাদের কেউই আগামী নির্বাচনে প্রার্থী হতে পারবেন না। দলের শীর্ষ দুই নেতার যখন এই অবস্থা তখন অন্যদের অবস্থাও তখৈবচ। এ অবস্থার জন্য বিএনপির নেতাকর্মীরা নিজেরাই দায়ী। বিএনপি যখনই রাষ্ট্র ক্ষমতার দায়িত্ব পেয়েছে তখনই দেশে হত্যা, সন্ত্রাস, খুন, রাহাজানি, চাঁদাবাজি ও ত্রাসের রাজত্ব কায়েম করেছে। তারা দেশের উন্নয়ন ও অগ্রগতির কথা চিন্তা না করে নিজেরা বিপুল বৃত্ত বর্ধনের মালিক হয়েছেন এবং অবৈধ পথে অর্জিত এসব অর্থের একটা বড় অংশ বিদেশে পাচার করেছেন। জনগণের সাথে বেইমানি করে নিজেদের আখের গোছানোর ফলেই বিএনপির রাজনীতি আজ বিলুপ্তির পথে।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে গত প্রায় দেড় যুগে দেশের উন্নয়ন ও অগ্রগতির বর্ণনা দিতে গিয়ে তিনি বলেন, বর্তমান সরকারের সকল মেগা প্রকল্প বাস্তবায়ন করেছে বিএনপি তা কোনদিন কল্পনাও করেনি। তারা শুধু ব্যক্তি স্বার্থ হাসিল করতে ও বিপুল বিত্ত বৈভব গড়ে তুলতে মনোযোগী ছিল। দেশের উন্নয়ন যা হয়েছে তা একমাত্র আওয়ামী লীগ সরকারই করেছে। দেশের এই উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখতে আগামী জাতীয় সংসদ নির্বাচনে নৌকা প্রতীকে ভোট দেওয়ার জন্য উপস্থিত জনতার প্রতি তিনি আহ্বান জানান।

এর আগে প্রতিমন্ত্রী রহিমগঞ্জ হতে পরানগঞ্জগামী রাস্তা পাকাকরণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন এবং রহিমগঞ্জ ইউনিয়ন উপ-স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত ভবন উদ্বোধন করেন।

ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে এহতেশামুল আলম ও এডভোকেট মোয়াজ্জেম হোসেন বাবুল, মহানগর আওয়ামী লীগের সভাপতি ও ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটুসহ স্থানীয় আওয়ামী লীগ ও এর বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী এ সময় উপস্থিত ছিলেন।

#

মনির/রিদওয়ান/দেওয়ান/সজিব/২০২৩/২২.০০ ঘণ্টা